

প্রেস বিজ্ঞপ্তি

হংকং, ০৪ নভেম্বর ২০২৩

বিষয়: বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, হংকং কর্তৃক যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে জাতীয় সংবিধান দিবস পালন

আজ যথাযোগ্য মর্যাদার সাথে বাংলাদেশ কনস্যুলেট জেনারেল-হংকং কর্তৃক জাতীয় সংবিধান দিবস-২০২৩ উদযাপন করা হয়। উক্ত অনুষ্ঠানে কনস্যুলেট-এর কর্মকর্তা ও কর্মচারীগণ মিশনে উপস্থিত থেকে এবং হংকংস্থ বাংলাদেশ কমিউনিটির সদস্যবৃন্দ, হংকংস্থ বাংলাদেশ আওয়ামী লীগ এর নেতৃবৃন্দ জুম প্লাটফর্মে অনুষ্ঠানটিতে অংশগ্রহণ করেন। পবিত্র কোরআন থেকে তেলাওয়াত ও পবিত্র গীতা পাঠের মধ্য দিয়ে মূল অনুষ্ঠান শুরু করা হয়। দিবসটি উপলক্ষ্যে প্রেরিত মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর বাণী পাঠ করা হয়। পরবর্তীতে বক্তারা 'জাতীয় সংবিধান দিবস'-এর তাৎপর্যের উপর আলোচনা করেন।

মান্যবর কনসাল জেনারেল, মির্জা ইসরাত আরা, তাঁর বক্তব্যে বলেন, ১৯৭২ সালে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মাত্র এক বছরের কম সময়ে একটি পূর্নাঙ্গ সংবিধান প্রদান করেন যা ইতিহাসে বিরল। তিনি আরো বলেন, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বলিষ্ঠ নেতৃত্বে সংবিধানের চার মূলনীতি অনুসারে ক্ষুধামুক্ত, শোষণমুক্ত ও সমৃদ্ধ বাংলাদেশ গড়তে আমরা ঐক্যবদ্ধভাবে কাজ করে যাব। আলোচনা অনুষ্ঠানে গণতান্ত্রিক মূল্যবোধ ও আইনের শাসন প্রতিষ্ঠায় জাতীয় সংবিধানের মর্যাদা অক্ষুন্ন রাখতে দৃঢ় সংকল্প ব্যক্ত করা হয়। উক্ত আলোচনা অনুষ্ঠানটি সঞ্চালনা করেন কনস্যুলেটের ভাইস কনসাল জনাব মো: মারজুক ইসলাম।

